# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৬৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যখন কোন মুসলিম ব্যক্তি অসুস্থ হবে, তখন মুস্তাহাব হলো তার জন্য দু‘আ করা

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَدْعُوَ لِأَخِيهِ الْمُسْلِمِ إِذَا اعْتَرَاهُ بَعْضُ العِلَلِ

আরবী

2965 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا النَّضْرُ قَالَ: [حَدَّثَنَا شُعْبَةُ] (1) قَالَ: حَدَّثَنَا سِمَاكُ بْنُ حَرْبٍ قَالَ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ حَاطِبٍ يَقُولُ: انصبَّت عَلَى يَدَيْ مَرَقَةٌ فَأَحْرَقَتْهَا فَذَهَبَتْ بِي أُمِّي إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فأتيناهُ وَهُوَ فِي الرَّحْبَةِ فأَحْفَظُ أَنَّهُ قَالَ: (أَذْهِبِ الْبَاسَ رَبَّ النَّاسِ) وأكثرُ عِلْمِي أَنَّهُ قَالَ: (أَنْتَ الشَّافِي لَا شَافِيَ إِلَّا أنت)

الراوي : مُحَمَّد بْن حَاطِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2965 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৯৬৫. মুহাম্মাদ বিন হাতিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমার হাতে তরকারীর ঝোল ঢেলে পড়ে হাত পুড়ে যায়, তখন আমার মা আমাকে নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে যান। আমরা তাঁর কাছে আসি এমন অবস্থায় যে, তিনি সেসময় আঙ্গিনায় ছিলেন। আমার মনে আছে তিনি বলেছেন, أَذْهِبِ الْبَاسَ رَبَّ النَّاسِ (হে মানুষের প্রভু, আপনি কষ্ট দূর করুন)।”

আবার প্রবল ধারণা তিনি আরো বলেছেন, أَنْتَ الشَّافِي لَا شَافِيَ إِلَّا أنت (আপনি নিরাময় দানকারী, আপনি ছাড়া কোন নিরাময় দানকারী নেই)।”[1]

ফুটনোট

[1] তাবারানী: ১৯/৫৩৭; মুসনাদ আহমাদ: ৩/৪১৮; হাইসামী, মাজমা‘উয যাওয়াইদ: ৫/১১২-১১৩।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ২৯৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবন হাতিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92295

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন